

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর  
কলেজ অব নার্সিং (একাডেমিক ভবন)  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।  
[www.dgnm.gov.bd](http://www.dgnm.gov.bd)

নং-ডিজিএনএম/শা-১/১-স-১৪২/২০০৩ - ৪৫

তাং ১১/০৩/১৪২৭  
২৫/০৫/২০২০

বিষয়ঃ জনাব সমাপ্তি সমদার, স্টাফ নার্স, সদর হাসপাতাল, ঝালকাঠি কে সরকারী দায়িত্ব পালনে অক্ষম ঘোষণা প্রসংগে।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্মারক নং-সিএস/ঝাল/মেঃটিম/২০১৯/১৭৪৬/১(৫)তারিখ ২১/১১/২০১৯ মোতাবেক এ অধিদপ্তর অবগত হয় যে, জনাব সমাপ্তি সমদার, স্টাফ নার্স, সদর হাসপাতাল, ঝালকাঠি কে অসুস্থতা জনিত কারণে ৩১.১০.২০১৯ তারিখ হতে সরকারী দায়িত্ব পালনে অক্ষম ঘোষণা করা হয়।

২। বর্ণিত কর্মকর্তাকে অক্ষম ঘোষণার প্রস্তাবের সপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র সমাপ্তি সমদার, স্টাফ নার্স এর নিয়োগকারী কর্তৃপক্ষকে প্রেরণ পূর্বক অবহিত করা হয়েছে কিনা সে বিষয়ে স্পষ্টীকরণ প্রয়োজন। যেহেতু জনাব সমাপ্তি সমদার একজন স্টাফ নার্স অর্থাৎ দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তা; তার নিয়োগকারী কর্তৃপক্ষ সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৩। জনাব সমাপ্তি সমদার কর্তৃক ২৩.০২.২০২০ তারিখে এ অধিদপ্তরে দাখিলকৃত আবেদন পত্রে উল্লেখ করা হয়েছে যে, তাকে অক্ষম ঘোষণার পরে তার বেতনভাতা বন্ধ করে দেয়া হয়েছে।

৪। এমতাবস্থায় জনাব, সমাপ্তি সমদার, স্টাফ নার্স, সদর হাসপাতাল, ঝালকাঠি কে সরকারী দায়িত্ব পালনে অক্ষমতা ঘোষণার কাগজপত্র তার নিয়োগকারী কর্তৃপক্ষকে প্রেরণ পূর্বক অবহিত করা হয়েছে কিনা সে বিষয়ে এবং কোন বিধি অনুযায়ী জনাব, সমাপ্তি সমদার এর বেতনভাতা বন্ধ রাখা হয়েছে সে বিষয়ে স্পষ্টীকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সিভিল সার্জন  
ঝালকাঠি।


  
শোভা শাহিনাজ  
পরিচালক (শৃংখলা)  
মহাপরিচালকের পক্ষে  
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।  
ই-মেইল-[info@dgnm.gov.bd](mailto:info@dgnm.gov.bd)  
ফোন নং- ৯১৩৬৬৭৪

নং- ডিজিএনএম/শা-১/১-স-১৪২/২০০৩ - ৪৫/১৭

১১/০৩/১৪২৭  
তাং ২৫/০৫/২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। অতিরিক্ত সচিব, (নার্সিং ও মিডওয়াইফারি) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। পরিচালক, (স্বাস্থ্য) বরিশাল বিভাগ, বরিশাল।
- ৫। জেলা পাবলিক হেলথ নার্স, সিভিল সার্জনের কার্যালয়, ঝালকাঠি।
- ৬। মহাপরিচালকএর ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
- ৭। উপপরিচালক, পিএমআইএস শাখা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (এ পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।

  
২৪/৩/২০২০  
সহকারী পরিচালক  
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।